

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী নং # ৭/৭এ, ব্লক # এইচ-১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।



বিজ্ঞপ্তি নং: বিজিএ/২০২৫/২৪

পুনঃ সংশোধিত

তারিখ: ০২/০২/২০২৫

বিষয়: ২০২৫ সালের বিজিএমইএ'র সদস্যপদ নবায়নের সময়সীমা বৃদ্ধির বিষয়টি অবহিতকরণ প্রসঙ্গে।

বিজিএমইএ'র সদস্যপদ নবায়নের সময়সীমা ৩১শে জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত নির্ধারণ করে উক্ত তারিখের মধ্যে নবায়ন সম্পন্ন করতে গত ৩১/১২/২০২৪ তারিখে বিজ্ঞপ্তি (বিজ্ঞপ্তি নং বিজিএ/২০২৪/২২৪) জারি করা হয়। সম্মানিত সদস্যদের অনুরোধের প্রেক্ষিতে এবং সার্বিক পরিস্থিতি বিবেচনা করে ২০২৫ সালের সদস্য সনদ নবায়নের মেয়াদ আগামী ১০ ফেব্রুয়ারী ২০২৫ পর্যন্ত বর্ধিত করা হলো। সদস্যপদ নবায়ন করার জন্য নিম্নলিখিত কাগজপত্রাদি জমা প্রদান করতে হবেঃ

১. প্রশাসক বরাবর ২০২৫ সালের নবায়নের জন্য প্রতিষ্ঠানের নিজেস্ব লেটার হেড প্যাডে আবেদন পত্র।
২. হালনাগাদ ট্রেড লাইসেন্সের অনুলিপি (২০২৪-২০২৫ সালের)।
৩. হালনাগাদ আয়কর সনদপত্রের অনুলিপি (২০২৩-২০২৪ করবর্ষ)।
৪. হালনাগাদ কারখানা লাইসেন্সের অনুলিপি (২০২৩ সালের)।  
(তবে কোন সদস্য যদি হালনাগাদ কারখানা লাইসেন্স (২০২৩) প্রদান করতে না পারেন সেক্ষেত্রে তিনি ২০২৪ সালে বিজিএমইএ'র মাধ্যমে ইউডি/ইন্টারবন্ড গ্রহণের প্রমান দাখিল করে ২০২৫ সালের বিজিএমইএ'র সদস্যপদ নবায়নের জন্য আবেদন করতে পারবেন।)
৫. ২০২৪ সালের বিজিএমইএ'র সদস্য সনদপত্র (মূলকপি)।
৬. নবায়ন বাবদ বিজিএমইএ'র মনোনীত ব্যাংকে টাকা জমাদানের রশিদঃ  
ক) ৫২-১০০ মেশিন (৫,০০০.০০ টাকা)।  
খ) ১০১-২০০ মেশিন (৭,০০০.০০ টাকা)।  
গ) ২০০ মেশিনের উপরে (১২,০০০.০০ টাকা)।

## প্রযোজ্য আইনি নির্দেশনাঃ


সংঘবিধি এর অনুচ্ছেদ ৫(ক) অনুযায়ী, “Any garment Industry recognized by the Government as such is eligible to become member” অর্থাৎ সরকার কর্তৃক স্বীকৃত তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান বিজিএমইএ এর সাধারণ সদস্য হতে পারবে। এই বিষয়ে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বিধিমালা, ২০১৫ এবং বনিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর প্রাসঙ্গিক বিধানসমূহঃ

১। কারখানা নিবন্ধনঃ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৬ (পূর্বের The Factories Act, ১৯৬৫, ধারা ৮) এবং বিধিমালা, ২০১৫ এর বিধি ৩৫৩ ও বিধি ৩৫৪ অনুযায়ী কারখানা নিবন্ধন, নকশা অনুমোদন ও লাইসেন্সিং বধ্যতামূলক। নিবন্ধন ও লাইসেন্সিং প্রক্রিয়া ফর্ম-৭৭ ব্যবহার করে সম্পন্ন করতে হবে।

২। ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর সনদপত্রঃ এস, আর, ও নং-৭৭ আইন/১৪ মার্চ ২০১০ মোতাবেক বনিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ বিধি ৬ এর উপ-বিধি (১) অনুযায়ী প্রতি বছর সংশ্লিষ্ট সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ট্রেড লাইসেন্স ও হালনাগাদ আয়কর সনদপত্রের কপি দাখিল করতে হবে।

ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদপত্র এবং কারখানা লাইসেন্সের মূলকপি বিজিএমইএ'র হিসাব শাখায় প্রদর্শন করে অনুলিপি জমা দিতে হবে।

সকল সদস্যদের আগামী ১০ ফেব্রুয়ারী ২০২৫ এর মধ্যে উল্লিখিত কাগজপত্র বিজিএমইএ'র প্রধান কার্যালয়, ঢাকা অথবা আঞ্চলিক কার্যালয়, চট্রগ্রামে জমা দিয়ে নবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

  
মোঃ ফয়জুর রহমান

মহাসচিব  
বিজিএমইএ

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)  
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •